

আর-রাহা হসপিটাল এন্ড ডায়গনস্টিক লিঃ

হজ ক্যাম্প এলাকা, আশিয়ান সিটি রোড, ঢাকা-১২৩০

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত ফ্রি মেডিকেল ক্যাম্প সম্পর্কে চেয়ারম্যানের বার্তা

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে আর-রাহা হসপিটাল এন্ড ডায়গনস্টিক লিঃ কর্তৃক একটি ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করায় আমি অত্যন্ত আনন্দিত।

আমাদের সামাজিক দায়বদ্ধতা ও জনসেবার অঙ্গীকারের অংশ হিসেবে এই বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত ক্যাম্পে অভিজ্ঞ কনসালট্যান্টগণ সম্পূর্ণ বিনামূল্যে নিম্নোক্ত বিভাগসমূহে চিকিৎসা পরামর্শ প্রদান করবেন: স্ত্রীরোগ ও প্রসুতিবিদ্যা, মেডিসিন ও নিউরোলজি, ডার্মাটোলজি, ডায়াবেটিস, এবং নবজাতক ও শিশু রোগ (পেডিয়াট্রিক)।

এছাড়াও, পবিত্র রমজান এবং মাতৃভাষা দিবস উপলক্ষে ঐদিন ডাক্তারী পরামর্শ অনুযায়ী ল্যাবরেটরি পরীক্ষা ও বিভিন্ন ডায়গনস্টিক টেস্ট বিশেষ ছাড় প্রদান করা হবে, যাতে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা অত্র এলাকাবাসীর সকলের জন্য আরও সহনীয়, সহজলভ্য ও সাশ্রয়ী হয়।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস আমাদের বৈচিত্র্য, ঐক্য এবং মানবসেবার গুরুত্ব স্মরণ করিয়ে দেয়। এই মেডিকেল ক্যাম্পের মাধ্যমে আমরা মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদান করে এই তাৎপর্যপূর্ণ দিনটিকে যথাযোগ্য মর্যাদায় স্মরণ করে সম্মান জানাতে চাই।

আমি সকলকে এই সুযোগ গ্রহণের জন্য আন্তরিক আমন্ত্রণ জানাচ্ছি এবং পরিবার-পরিজনসহ অংশগ্রহণ করে সেবাসমূহের সুফল ভোগ করার আহ্বান জানাচ্ছি। পরিশেষে, এই মহতি উদ্যোগ গ্রহণের জন্য সিইও এবং সংশ্লিষ্ট স্টাফদের আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

আসুন, আমরা সবাই মিলে ইসলামী শরিয়ার আলোকে একটি সুস্থ ও শক্তিশালী সমাজ গড়ে তুলি। মহান আল্লাহতায়ালার আমাদের সবাইকে সুস্থ ও হেফাজত করুন। আমিন।

রমজানুল মুবারক, এবং শুভেচ্ছান্তে,



চেয়ারম্যান,

আর-রাহা হসপিটাল এন্ড ডায়গনস্টিক লিঃ